সুখে-দুঃখে, হর্ষে-বিষাদে এবং তোমার ওপর অন্যদেরকে প্রাধান্য দেওয়ার সময়ও তোমার ওপর কর্তব্য হচ্ছে, (শাসকের) কথা শোনা ও আনুগত্য করা।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফূ‘ হিসেবে বর্ণিত: “সুখে-দুঃখে, হর্ষে-
বিষাদে এবং তোমার ওপর অন্যদেরকে প্রাধান্য দেওয়ার সময়ও তোমার ওপর কর্তব্য হচ্ছে, (শাসকের) কথা শোনা ও আনুগত্য করা।” [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

এ হাদীসটি প্রমাণ করে যে, একজন মুসলিমের ওপর ওয়াজিব হলো, সর্বাবস্থায় শাসকদের কথা শোনা ও আনুগত্য করা, যদি কোনো খারাপ কর্মের নির্দেশ না দেওয়া হয় অথবা অসাধ্য কোনো কর্ম চাপিয়ে না দেওয়া হয়। যদিও তাতে কখনো কখনো তার কষ্ট হয় বা নিজের কোনো কোনো অধিকার থেকে বঞ্চিত হতে হয়। ব্যক্তি স্বার্থের ওপর জন স্বার্থকে প্রাধান্য দেয়ার লক্ষ্যে।

http://sunnah.global/hadeeth/bn/show/6368